


ফ্রিডম্যানের কেন্দ্রীয় ও পার্শ্ববর্তী মডেল  
(Friedmann's Core & Periphery Model)

1966 সালে আমেরিকান অর্থনীতিবিদ ফ্রিডম্যান কেন্দ্রীয় ও পার্শ্ববর্তী অঞ্চল সংক্রান্ত মডেলের উপস্থাপন করেন তার বই "Regional Development Policy: A case study of Venezuela"—এ। এই মডেলে তিনি দেখিয়েছেন কিভাবে কোন অঞ্চলের উন্নয়নে কেন্দ্রীয় এবং তার পার্শ্ববর্তী অঞ্চলের আন্তঃসম্পর্ক একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

মূলতত্ত্ব :


ফ্রিডম্যানের মতে কেন্দ্রীয় অঞ্চল বা অন্তর্বর্তী অঞ্চল অর্থনৈতিকভাবে সমৃদ্ধ এবং তার পার্শ্ববর্তী অঞ্চল গুলি প্রাকৃতিক সম্পদ ও শ্রমশক্তিতে সমৃদ্ধ। পার্শ্ববর্তী অঞ্চল থেকে কেন্দ্রীয় অঞ্চলে শ্রমশক্তি ও প্রাকৃতিক সম্পদের প্রেরণের মাধ্যমে কেন্দ্রীয় অঞ্চল আরো সমৃদ্ধ হয়। ধীরে ধীরে উন্নয়নের প্রবাহ সমগ্র অঞ্চলে ছড়িয়ে পড়ে এবং অঞ্চলটির সার্বিক উন্নয়ন ঘটে।



ফ্রিডম্যান তার মডেলে চারটি অঞ্চলের কথা উল্লেখ করেছেন। যথা-

1. Core Region
2. Upward Transition Region
3. Resource Frontier Region
4. Downward Transition Region

- Core Region: কেন্দ্রীয় অঞ্চল মূলত আধুনিক ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধ একটি মেট্রোপলিটন। এই অঞ্চলের উন্নয়নের বা বৃদ্ধির সম্ভাবনা অনেক বেশি থাকে। যেমন - ব্রাজিলের সাও-পাওলো একটি কেন্দ্রীয় অঞ্চল।
- Upward Transition Region: এটি এমন একটি বৃদ্ধিযুক্ত এলাকা, যার প্রভাব কেন্দ্রীয় অঞ্চলের পরিবর্তে ছোট অঞ্চলগুলিতে ছড়িয়ে পড়ে।
- Resource Frontier Region: এই গুলি হল ঔপনিবেশিক অঞ্চল। এই অঞ্চলগুলি উৎপাদন ব্যবস্থার প্রাথমিক পর্যায়ে অবস্থান করে।
- Downward Transition Region: এই অঞ্চলগুলিতে সম্পদের পরিমাণ হ্রাসমান, কৃষি উৎপাদন কম এবং প্রাচীন ছোট শিল্পের অবস্থান লক্ষ্য করা যায়।



পর্যায়:

ফ্রিডম্যান সার্বিক উন্নয়নের জন্য চারটি পর্যায়ের উল্লেখ করেছেন, যথা -

1. প্রাক শিল্প পর্যায় (Pre-industrial Phase)- এই পর্যায়ের প্রধান বৈশিষ্ট্যগুলি হল-
  - ◆ কৃষিভিত্তিক অর্থনীতি।
  - ◆ আঞ্চলিক ক্ষুদ্র অর্থনীতি।

- ◆ ক্ষুদ্র এবং বিচ্ছিন্ন জনবসতি।
- ◆ পরিব্রাজনের হার তুলনামূলক কম।
- ◆ শিল্পের বিকাশ লক্ষ্য করা যায় না।
- ◆ অঞ্চলগুলির মধ্যে বিকাশের পরিমাণে বিশেষ পার্থক্য থাকে না।

2. পরিবর্তনশীল পর্যায় (Transitional Phase)- এই পর্যায়ের প্রধান বৈশিষ্ট্যগুলি হল-


- ◆ প্রান্তীয় অঞ্চলগুলি থেকে কেন্দ্রীয় অঞ্চলে প্রাকৃতিক সম্পদ ও শ্রমের প্রবাহ ঘটে।
- ◆ কেন্দ্রীয় অঞ্চলে নতুন শিল্পের বিকাশ হয়।
- ◆ আঞ্চলিক বৈষম্য বৃদ্ধি পায়।
- ◆ পরিব্রাজনের পরিমাণ বৃদ্ধি পায়।

3. শিল্পায়ন পর্যায় (Industrial Phase)- এই পর্যায়ের বৈশিষ্ট্যগুলি হল-

- ◆ শিল্পায়নের ব্যাপক বিকাশ ঘটে।
- ◆ কেন্দ্রীয় অঞ্চল থেকে বিকেন্দ্রীকরণ লক্ষ্য করা যায়, ফলে নতুন উপঅঞ্চল (Sub region) গঠিত হয়।
- ◆ পরিবহন ও বিকাশের কারণে কেন্দ্রীয় অঞ্চল থেকে উপঅঞ্চলে ব্যাপনের পরিমাণ বৃদ্ধি পায়।
- ◆ নগরায়নের হার ক্রমাগত বৃদ্ধি পায়।

4. শিল্পায়ন পরবর্তী পর্যায় (Post industrial Phase)- এই পর্যায়ের বৈশিষ্ট্যগুলি হল-

- ◆ আঞ্চলিক বৈষম্য কমতে থাকে।
- ◆ প্রান্তীয় অঞ্চল গুলিরও প্রসার ঘটে।
- ◆ অর্থনৈতিক উন্নয়নের কারণে শিল্পে বিশেষীকরণ এবং শ্রম বিভাজন লক্ষ্য করা যায়।
- ◆ আন্তর্জাতিক বাণিজ্য বৃদ্ধি পায়।



**উদাহরণ :**

ফ্রিডম্যানের কেন্দ্রীয় ও পার্শ্ববর্তী মডেলের উদাহরণ হিসেবে ব্রাজিলের কথা উল্লেখ করা যায়। ব্রাজিলের সোনালী ত্রিভুজ (Golden Triangle) হল কেন্দ্রীয় এলাকা। এই এলাকার সাও পাওলো এবং রিও ডি জেনিরো শহরের বিকাশ ঘটেছে যথাক্রমে কফি উৎপাদন শিল্প এবং বন্দর এলাকাকে কেন্দ্র করে। অপরদিকে আমাজন হল প্রান্তীয় এলাকা। এই এলাকায় যোগাযোগের অভাব ও মানব সম্পদের অভাবের কারণে বর্তমানে এটি একটি প্রান্তীয় অঞ্চল হিসেবে গণ্য।



- এই মডেলের উপর ভিত্তি করে বিশ্বের বিভিন্ন দেশ গুলিকে বিভিন্ন ভাগে ভাগ করা যায়। যেমন-
- কেন্দ্রীয় দেশসমূহ (Core Countries)- জাপান, অস্ট্রেলিয়া, আমেরিকা যুক্তরাষ্ট্র প্রভৃতি।

- আংশিক প্রান্তীয় সমূহ (Semi Periphery Countries)- এশিয়ার বিভিন্ন দেশ, পূর্ব ইউরোপ প্রভৃতি।
- প্রান্তীয় দেশসমূহ (Periphery Countries)- আফ্রিকার বেশির ভাগ দেশ সমূহ।

কোন অঞ্চলের সার্বিক উন্নয়নে ফ্রিডম্যানের মডেল অনেক বেশি প্রাসঙ্গিক। তার মডেল প্রকাশের পরবর্তীকালে Meier, Baldwin, Perlof, Wingo প্রমুখ গবেষক ও অর্থনীতিবিদগণ তার মডেলের সমর্থন করেছেন। সুতরাং বলা যায় কোন অঞ্চলের উন্নয়নে কেন্দ্রীয় এবং তার পার্শ্ববর্তী অঞ্চলের মধ্যে আন্তঃসম্পর্কের এক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।